



# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : [iprd@bou.ac.bd](mailto:iprd@bou.ac.bd)

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত  
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

১৮ ডিসেম্বর, ২০২২

## বাউবি'তে বীর নারী মুক্তিযোদ্ধার অভিজ্ঞতা বিনিময় ও মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শহিদ বুদ্ধিজীবী ও মহান বিজয় দিবস ২০২২ উপলক্ষে নারী মুক্তিযোদ্ধার অভিজ্ঞতা বিনিময় ও মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী ১৮ ডিসেম্বর রবিবার বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ ক্যাম্পাসে বঙ্গমাতা শেখ ফজিলাতুলেছা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা ও নারী কমান্ডার আশালতা বৈদ্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধ সম্পর্কে নানা বর্ণনা দেন। তিনি বর্তমান প্রজন্মের উদ্দেশ্যে বলেন ঘরে যেমন মা, বাবাকে তেমন ঘরের বাহিরে মাতৃভূমিকে ভালোবাসতে হবে। তিনি আরও বলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রদর্শিত লক্ষ্যে পৌঁছানোর জন্য আমাদের সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে এবং উন্নত বাংলাদেশের নাগরিক হয়ে বাঁচবো এই আমাদের প্রত্যাশা।



অনুষ্ঠানের প্রধান অতিথি বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার যুক্তরাষ্ট্রে অবস্থান করায় ভার্চুয়ালি সংযুক্ত হয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, সকল বীর মুক্তিযোদ্ধা ও স্বাধীনতা যুদ্ধে আত্মত্যাগকারীদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন বঙ্গবন্ধু আমাদের লাল সবুজের পতাকা ও স্বাধীন সার্বভৌম বাংলাদেশ উপহার দিয়েছেন। যার ফলে আজ আমরা বিশ্বের বুকে বাঙালি জাতি হিসেবে প্রতিষ্ঠা লাভ করতে পেরেছি। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সোনার বাংলা গড়ার প্রত্যয় নিয়ে রূপকল্প ২০৪১ বাস্তবায়নের জন্য সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান উপাচার্য। অনুষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক মাসুদ পথিক নির্মিত “মায়া: দ্যা লস্ট মাদার” চলচ্চিত্র এবং বাউবির মিডিয়া বিভাগ নির্মিত বিজয়ের পথরেখা, একটি স্বাধীন পতাকার ইঙ্গিত, মহান বিজয়, বঙ্গবন্ধু বাংলার অবিনাশী সত্তা ও বিজয়ের প্রেরণায় বাংলাদেশ শীর্ষক প্রমান্যচিত্র প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) ও প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন। এসময় ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলমসহ বাউবির ডিন, পরিচালকগণ, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণ, শিক্ষক সমিতি, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সভাপতি অধ্যাপক মো: আনোয়ারুল ইসলাম। সঞ্চালনা করেন বাউবির ওপেন স্কুলের সহযোগী অধ্যাপক অনন্যা লাভণী।

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)